# চট্টগ্রামে ধর্ষণ মামলায় এনসিপির নেতা গ্রেপ্তার



এনসিপি নেতা আফতাব মজুমদার। ছবি: সংগৃহীত

বিয়ের আশ্বাস দিয়ে এক কলেজছাত্রীকে ধর্ষণের অভিযোগে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চট্টগ্রাম মহানগর কমিটির এক নেতাকে গ্রেপ্তার করেছে র‍্যাব। পরে তাকে চান্দগাঁও থানায় হস্তান্তর করা হয়েছে।

বুধবার (২২ জুলাই) রাতে নগরীর হালিশহর এলাকা থেকে আফতাব মজুমদার জয়কে গ্রেপ্তার করা হয়। তিনি চট্টগ্রাম মহানগর এনসিপির আহ্বায়ক কমিটির সদস্য। তার বাবার নাম আবছার এবং তিনি নগরীর খুলশী থানার ওয়্যারলেস মুরগি ফার্ম এলাকার বাসিন্দা।

চান্দগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জসীম উদ্দিন জানান, গত ১৯ জুলাই এক তরুণী আফতাব মজুমদার জয়ের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা করেন। ওই মামলার ভিত্তিতে র‍্যাব তাকে আটক করে রাতে থানায় সোপর্দ করে।

মামলার এজাহার অনুযায়ী, চট্টগ্রামের একটি বেসরকারি কলেজে পড়ুয়া ওই তরুণীর সঙ্গে প্রায় তিন মাস আগে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে জয়ের পরিচয় হয়। পরে তাদের মধ্যে যোগাযোগ বাড়তে থাকলে একপর্যায়ে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।

মামলায় ওই তরুণী অভিযোগ করেন, গত ১৪ জুলাই বিয়ের কথা বলে জয় তাকে বাসা থেকে বের করে নিয়ে যান। পরে চান্দগাঁও থানার বহদ্দারহাট এলাকার একটি আবাসিক হোটেলে নিয়ে গিয়ে তার সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপন করেন। এরপর বিয়ের জন্য চাপ দিলে জয় তার সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেন বলে অভিযোগ করেন তিনি।

এদিকে, এনসিপির চট্টগ্রাম মহানগর কমিটির ভারপ্রাপ্ত দপ্তর সম্পাদক রিদুয়ান হৃদয় বলেন, বিষয়টি তারা জানতে পেরেছেন এবং ঘটনা যাচাই করে দেখা হচ্ছে। মামলার সময় ও ঘটনার সময়ের মধ্যে ব্যবধান নিয়ে কিছু প্রশ্ন রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।